

একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
শাখা-১ (প্রশাসন ও অর্থ)  
[www.moedu.gov.bd](http://www.moedu.gov.bd)

নং- ৫৭.০০.০০০০.০৪০.০৬.০৯৩.১৮-৯৬৬

তারিখঃ ০৫ আশ্বিন ১৪২৫  
২০ সেপ্টেম্বর ২০১৮

বিষয়ঃ বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান জনবল কাঠামোর নীতিমালা-২০১৮ (Diploma in Agriculture) বিষয়ে কার্যক্রম গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান জনবল কাঠামো ও এম.পি.ও. নীতিমালা-২০১৮ সংশোধনী (ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার) এতদসঙ্গে প্রেরণ করা হলো।

০২. বেসরকারি কারিগরি (ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার) শিক্ষা প্রতিষ্ঠানের এম.পি.ও. ভুক্তির শর্তপূরণকৃত শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুতের নিমিত্তে Online Application ফরম চূড়ান্তকরণের জন্য নিম্নরূপ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) শিক্ষা প্রতিষ্ঠানের EIIN ও একাডেমিক স্বীকৃতি ব্যতীত MPO প্রদান সম্ভব নয় বিধায় একাডেমিক স্বীকৃতির জন্য যে সকল আবেদন কারিগরি শিক্ষা বোর্ডে জমা আছে তা দ্রুত নিষ্পত্তি করতে হবে এবং স্বীকৃতি প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে EIIN নম্বর প্রাপ্তির জন্য আবেদন করতে হবে মর্মে কারিগরি শিক্ষা বোর্ড একটি অফিস আদেশ জারি করবে;

(খ) আগামী ৩০.০৯.২০১৮ তারিখের মধ্যে নতুন এম.পি.ও.'র জন্য আবেদন করতে হবে। এই সময়সীমা শুধুমাত্র ডিপ্লোমা-ইন-এগ্রিকালচার -এর ক্ষেত্রে প্রযোজ্য হবে। সকল আবেদন Online -এ করতে হবে। Online -এ এম.পি.ও.ভুক্তির আবেদনের লিংক কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে (TMED), কারিগরি শিক্ষা অধিদপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ব্যানবেইস, কারিগরি শিক্ষা বোর্ড ও মাদ্রাসা শিক্ষা বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করতে হবে; এবং

(গ) জাতীয় দৈনিক পত্রিকা "দৈনিক সমকাল" -এ বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করা হবে।

০৩. এমতাবস্থায়, এম.পি.ও. ভুক্তির শর্তপূরণকৃত শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুতের নিমিত্ত Online Application ফরম চূড়ান্তকরণের জন্য যে সকল শিক্ষা প্রতিষ্ঠান একাডেমিক স্বীকৃতির জন্য আবেদন করেছে কিন্তু এখনও নিষ্পত্তি করা হয়নি সে সকল আবেদনের প্রেক্ষিতে বিধি মোতাবেক জরুরিভাবে একাডেমিক স্বীকৃতি প্রদান এবং কারিগরি শিক্ষা বোর্ডের সংশ্লিষ্ট ট্রেডের যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের EIIN নম্বর নেই সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের অনুকূলে EIIN নম্বর প্রদানের লক্ষ্যে আবেদন করার জন্য সংশ্লিষ্টদের (Website -এ প্রকাশসহ) অবহিতকরণের জরুরি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য কারিগরি শিক্ষা বোর্ডকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।
২. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।

অপর পাতায় দৃষ্টব্য

-পাতা ০২-

৩. মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।
৪. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, আ: গনি রোড, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।
৫. মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।
৬. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, ৩৭/৩/এ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।
৭. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) পলাশী, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।
৮. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বক্সী বাজার, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।
৯. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।

**অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে):**

১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন/প্রশাসন ও উন্নয়ন-২/কারিগরি/মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ/মাদ্রাসা/কারিগরি/উন্নয়ন/অডিট ও আইন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, আইসিটি সেল, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ]।



(মোহাম্মদ শহীদুল্লাহ)

সিনিয়র সহকারী সচিব (প্র. ও অর্থ)

☎: ৯৫৭৫৮০৭